যুগান্তর

তারিখ ... 18 AUG 2016 ...
পৃষ্ঠা ৩৩ ... কলাম ২ ...

# শ্রীনগরে হামলায় ৩০ ছাত্র আহত : ৫ শিক্ষক লাঞ্ছিত

**শ্রীনগর (মুন্সীগঞ্জ) প্রতিনিধি**

শ্রীনগরে আন্তঃস্কুল ফুটবল টুর্নামেন্টে পরাজিত দলের হামলায় বিজয়ী দলের অন্তত ৩৫ জন ছাত্র আহত হয়েছে। এ সময় হামলাকারীরা বিজয়ী স্কুলের ৫ জন শিক্ষককে লাঞ্ছিত করে। বুধবার দুপুর ১টার দিকে শ্রীনগর স্টেডিয়াম ও এর আশপাশে কয়েক দফা হামলার ঘটনা ঘটে। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, শ্রীনগর উপজেলা আন্তঃস্কুল ফুটবল টুর্নামেন্টে শ্রীনগর পাইলট স্কুল অ্যান্ড কলেজ ও ভাগ্যকূল হরেন্দ্র লাল উচ্চবিদ্যালয় অ্যান্ড কলেজ অংশ নেয়। উপজেলা সদরে অবস্থিত পাইলট উচ্চবিদ্যালয় খেলায় টাইব্রেকারে ৩-৪ গোলে পরাজিত হয়। খেলা শেষ হওয়ার সঙ্গে সঙ্গে পাইলট উচ্চবিদ্যালয় স্কুল অ্যান্ড কলেজের প্রিন্সিপাল ও টুর্নামেন্টের আহ্বায়ক আবুল হোসেনের উপস্থিতিতে ছাত্ররা ভাগ্যকূল হরেন্দ্র লাল উচ্চবিদ্যালয়ের ছাত্রদের ওপড় হামলা করে। এ সময় তারা ভাগ্যকূল উচ্চবিদ্যালয়ের ক্রিড়া শিক্ষক আবু সাঈদ তালুকদারকে অবরুদ্ধ করে রাখে। ভাগ্যকূল হরেন্দ্র লাল উচ্চবিদ্যালয় অ্যান্ড কলেজের অধ্যক্ষ মুজিবুর রহমান জানান, স্টেডিয়ামে হামলার একপর্যায়ে ভাগ্যকূল উচ্চবিদ্যালয়ের শতাধিক ছাত্র প্রাণভয়ে স্টেডিয়াম থেকে দৌড়ে পালাতে থাকে। পাইলট স্কুলের ছাত্ররা তাদের পিছু নিয়ে চকবাজার, এম. রহমান শপিং কমপ্লেক্স ও কলেজ গেটে ব্যারিকেট দিয়ে স্কুল ড্রেস দেখে শনাক্ত করে ভাগ্যকূল উচ্চবিদ্যালয়ের ছাত্র ফয়সাল শেখ, রাজু, পরাগ মণ্ডল, রিয়াজ মোল্লা, ইমন, শাকিল, ইসহাক মিয়া, হৃদয়, জাকির, অহিদুল, জুয়েল, সাগর, অংবাইপ্রু মার্মাসহ অন্তত ৩০ ছাত্রকে আটক করে মারধর করে। এ সময় ছাত্রদের বাঁচাতে এগিয়ে এলে বিদ্যালয়ের শিক্ষক আ. মান্নান, খোরশেদ আলম, আমিনুল ইসলাম ও হেলালউদ্দিনকে লাঞ্ছিত করা হয়।